

যুগান্তর

প্রিন্ট: ১৪ জুলাই ২০২৫, ১০:১১ এএম

শিক্ষাঙ্গন

হাসিনার সহযোগী ঢাবি শিক্ষকদের বিচার দাবি সাদা দলের



ঢাবি প্রতিনিধি

প্রকাশ: ১৩ জুলাই ২০২৫, ১০:০৩ পিএম



সাদা দল

mastercard.

Unparalleled security
for the world's elite

First in the world from Eastern Bank

Biometric Metal World Elite Credit Card from Mastercard



স্বৈরাচার শেখ হাসিনা ও তার সহযোগী ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষকদের বিচার দাবি করেছে জাতীয়তাবাদী ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শিক্ষকদের সংগঠন সাদা দল।

রোববার সকাল সাড়ে এগারোটার দিকে বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে জুলাই অভ্যুত্থানে মারণাস্ত্র ব্যবহারের নির্দেশদাতা ফ্যাসিস্ট শেখ হাসিনা এবং গণভবনে গিয়ে স্বৈরাচারের মদদদাতা শিক্ষকদের বিচারের দাবিতে আয়োজিত এক মানববন্ধনে তারা এ দাবি জানান।

এ সময় তারা গণহত্যায় মদদদানকারী এবং দুর্নীতির দায়ে অভিযুক্ত ইমেরিটাস অধ্যাপকদের দ্রুত অপসারণ ও ফ্যাসিস্টদের চিরতরে দমন করতে দেশের স্বার্থে সবাইকে একতাবদ্ধ থাকার আহ্বান জানান।

মানববন্ধনে ঢাবি সাদা দলের আহ্বায়ক অধ্যাপক ড. মোর্শেদ হাসান খান বলেন, আমাদের আজকের প্রোগ্রামের দুটি এজেন্ডা, খুনি হাসিনার যে রেকর্ড ফাঁস হয়েছে তার বিচার দাবি এবং তার সঙ্গে যারা উৎসাহ প্রদান করেছে, বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কিছু শিক্ষক তৎকালীন সরকারকে ব্ল্যাক্স চেক দিয়েছিল যে, আপনারা গুলি চালান।

তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের এসব শিক্ষকের বিচার দাবি করছি। এখানে কোনো লুকোচুরি নেই, তারা সে সময় গণভবনে গিয়েছে এবং ভিডিও ফুটেজ ও ইলেকট্রনিক্স ও প্রিন্ট মিডিয়ায় তার প্রমাণ রয়েছে। সেসবের ওপর ভিত্তি করে সরকার ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতি আহ্বান জানাব এদের বিচার করার জন্য।

কলা অনুষদের ডিন অধ্যাপক ড. ছিদ্দিকুর রহমান খান বলেন, আপনারা দেখেছেন কীভাবে জুলাইয়ে শিক্ষার্থীদের ওপর মারণাস্ত্র ব্যবহারের নির্দেশ দিয়েছিল খুনি শেখ হাসিনা। বিবিসি তাদের অত্যাধুনিক যন্ত্র দিয়ে নিশ্চিত করেছে- এটি ছিল খুনি হাসিনারই নির্দেশনামা।

ঢাবি সাদা দলের যুগ্ম আহ্বায়ক মো. আবুল কালাম সরকার বলেন, যত দ্রুত সময়ের মধ্যে শেখ হাসিনার বিচার নিশ্চিত করা হবে, এটাই হবে এ দেশে সবচেয়ে বড় সংস্কার।

ঢাবি সাদা দলের কোষাধ্যক্ষ অধ্যাপক মো. আল-আমিন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা যখন রক্তাক্ত হয় তখন আওয়ামীপন্থি শিক্ষকরা এগিয়ে আসেনি। আমরা যখন প্রতিবাদের জন্য দাঁড়িয়েছিলাম আমাদের ছবি তুলে নেওয়া হয়েছে, বিভিন্ন এজেন্সি থেকে কল করা হয়েছিল।

মানববন্ধনে আরও উপস্থিত ছিলেন ঢাবি আইবিএ'র অধ্যাপক ড. মহিউদ্দিন, মার্কেটিং বিভাগের সাবেক চেয়ারম্যান অধ্যাপক ড. এবিএম শহীদুল ইসলাম, চারুকলা অনুষদের ডিন অধ্যাপক ড. শেখ আজহারুল ইসলাম, জীববিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. এনামুল হক, চারুকলা সাদা দলের আহ্বায়ক শিল্পী ইসরাফিল রতন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সাইফুদ্দীন আহমদ, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মোহাম্মদ আলী জিন্নাহ, অধ্যাপক ড. নুরুল আমিন, পি জে হার্টস ইন্টারন্যাশনাল হলের প্রাধ্যক্ষ অধ্যাপক এমএ কাওসার, অধ্যাপক শফিউল্লাহ, অধ্যাপক ড. আসাদ চৌধুরী, হাফিজ উদ্দিন ভুঁইয়া, অধ্যাপক আব্দুস সালাম, অধ্যাপক শাহ শামিম, অধ্যাপক আনোয়ারুল ইসলামসহ শতাধিক শিক্ষক।